দৈনিক খবর

তারিখ ... 09 AUG 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

২৯/

02

**শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির বৈঠক সমাপ্ত**

# সহযোগিতার ৭টি ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে

বাসস জানায়, সদস্য দেশগুলোর মধ্যে সহযোগিতার সাতটি ক্ষেত্র চিহ্নিতকরণের মধ্য দিয়ে গতকাল মঙ্গলবার ঢাকায় শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির তিন দিনব্যাপী প্রথম বৈঠক শেষ হয়েছে।

সাতটি ক্ষেত্র হচ্ছে সার্বজনীন প্রাথমিক শিক্ষা, নারী শিক্ষা, সাক্ষরতা, সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা, পাঠ্যসূচীর আধুনিকীকরণ, শিক্ষামূলক গবেষণা ও প্রশিক্ষণ এবং পশ্চাদপদ এলাকার জন্য শিক্ষা।

বৈঠকের শেষে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সাংবাদিকদের ব্রিফিংকালে বলেন, সাতটি সদস্য রাষ্ট্রের

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## সহযোগিতার

প্রথম পৃষ্ঠার পর

প্রত্যেককে সহযোগিতার জন্য চিহ্নিত একটি ক্ষেত্রে উদ্যোগ গ্রহণের দায়িত্ব দেয়া হয়েছে। বাংলাদেশ পাঠক্রম আধুনিকীকরণ ও এর পদ্ধতির ক্ষেত্রে উদ্যোগ নেবে বলে তিনি জানান।

সার্ক মহাসচিব আবুল আহসান, কারিগরি কমিটির চেয়ারম্যান হেদায়েত আহমদ এবং অংশগ্রহণকারী দেশসমূহের প্রতিনিধি ভারতের অনিল বোদিয়া, পাকিস্তানের ডঃ এস এন কোরেশী ও শ্রীলংকার ডি এ পেরারাও ব্রীফিং অধিবেশনে বক্তৃতা করেন।

শেখ শহীদুল বলেছেন, সংশ্লিষ্ট সকল বিষয়ের ব্যাপারে মতের একটি পূর্ণ পরিচয় মিলেছে। কারিগরি কমিটির পরবর্তী বৈঠক আগামী বছরের কোন এক সময় বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

এক প্রশ্নের জবাবে ভারতীয় প্রতিনিধিদলের নেতা অনিল বোদিয়া বলেন, বৈঠকে কোন মতপার্থক্য দেখা দেয়নি।